গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ সামসুল আরেফিন সচিব
সভার তারিখ	২৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১১:৩০ টা
স্থান	সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য এ বিভাগের সিটিজেন চার্টারের সমন্বয়ক (উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা) কে অনুরোধ করেন । সিটিজেন চার্টারের সমন্বয়ক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা ও সিটিজেনস চার্টারের এ পর্যন্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন । উপস্থাপনান্তে সিটিজেনস চার্টারের বাস্তবায়ন কার্যক্রম পর্যবেক্ষণ করা হয় এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার আপডেট করার জন্য নির্দেশনা প্রদান কর হয়। পরিশেষে উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রমিক নং	সিদ্ধান্ত	অগ্রগতি	বাস্তবায়নের হার
১.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার কোয়ার্টার ভিত্তিক আপডেট করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করে এ শাখায় প্রেরণ করতে হবে।	আপলোড করে এ শাখায় প্রেরণ করা হয়।	১০০%
২.	যে সকল দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবসাইটের সাথে লিংক নেই সে সকল দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবলিংক করতে হবে।	ওয়েবলিংক করা হয়েছে।	১০০%
৩.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের সিটিজেনস চার্টারের ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও ঊর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে।	স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও ঊর্ধ্বতন অফিসে প্রেরণ করা হয়েছে।	১০০%

(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভগের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্ম-পরিকল্পনার এ পর্যন্ত অগ্রগতি:

ক্রম. নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা	আইসিটি বিভাগের অগ্রগতি	আইসিটি অধিদপ্তরের অগ্রগতি	বিসিসি'র অগ্রগতি	বিএইচটিপিএ'র অগ্রগতি	সিসিএ'র অগ্রগতি	ডিএসএ'র অগ্রগতি
১.	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	[১.১.১] কমিটি পুনর্গঠিত	৪	২	২	২	২	২	৩
২.	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	[১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়িত এবং প্রতিবেদন প্রেরিত	৯০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%

৩.	[১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	[১.৩.১] সভা আয়োজিত	৪	২	২	১	১	১	২
৪.	[১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ) আওতাধীন দপ্তর/সংস্থাসহ(	[১.৪.১] হালনাগাদকৃত	৪	২	২	১	১	১	২
৫.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন	[২.১.১] প্রশিক্ষণ / কর্মশালা আয়োজিত	২	১	-	-	১	১	১
৬.	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.২.১] অবহিতকরণ সভা আয়োজিত	২	১	২	-	১	১	১

(গ) সভার সিদ্ধান্ত: আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	**সিদ্ধান্ত**	**বাস্তবায়নকারী**
০১.	আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার নিয়মিত হালনাগাদ করা হয় কিনা সে বিষয়ে মনিটরিং করতে হবে ও এ বিভাগের সিটিজেনস চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।	প্রোগ্রামার আইসিটি বিভাগ
০২.	কর্ম-পরিকল্পনার আওতাধীন সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন আরও সচেষ্ট হতে হবে।	সিটিজেনস চার্টার ফোকাল পয়েন্ট এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা
০৩.	মন্ত্রিপরিষদ বিভাগ হতে সিটিজেনস চার্টারের ষান্মাসিক অগ্রগতির ফিডব্যাকের নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন ও প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	সিটিজেনস চার্টার ফোকাল পয়েন্ট এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা

(ঘ) অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সামসুল আরেফিন
সচিব

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০৬.২১.২৫

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯
০২ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) উপসচিব , রাজস্ব বাজেট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]

৫) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল কো-অপারেশন শাখা , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]

এস. এম. শফিক
উপসচিব